দৈনিক ইত্তেফাক

তারিখ 04 JUL 1987
পৃষ্ঠা 1 কলাম 3

050

## 'শিক্ষা প্রতিষ্ঠানে উপযোগী পরিবেশ বজায় রাখিতে হইবে'

ফরিদপুর, ৩রা জুলাই (বাসস) শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলিয়াছেন, যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ভাল ফলাফল দেখাইবে আর শিক্ষার উপযোগী পরিবেশ বজায় রাখিবে সরকার সেই সকল প্রতিষ্ঠানের দিকে বিশেষভাবে নজর রাখিবেন। আর্থিক সহযোগিতা দান করিবেন। শিক্ষামন্ত্রী আজ সদর উপজেলার সরকারী কলেজ শিক্ষক-ছাত্র ও অভিভাবকদের এক সমাবেশে বক্তৃতা করিতেছিলেন। শিক্ষামন্ত্রী বলেন, সরকার জনগণের সহযোগিতা লইয়া শিক্ষাঙ্গন হইতে দুর্নীতি, দলীয় রাজনীতি, সন্ত্রাস আর বিশৃঙ্খলা দূরীকরণে বদ্ধপরিকর। নূতন বাজেটে শিক্ষাখাতে সর্বাধিক বরাদ্দের উল্লেখ করিয়া মন্ত্রী বলেন, শিক্ষকদের উচিত হইবে যথার্থ আর আন্তরিক সেবার মাধ্যমে জাতির প্রতি তাঁহাদের প্রত্যাশিত দায়িত্ব পালন করা। কেননা জনগণের অর্থ হইতেই সরকার শিক্ষকদের কল্যাণে অর্থ ব্যয় করিতেছেন। শিক্ষকরা দায়িত্ব পালনে সক্ষম না হইলে শিক্ষাক্ষেত্রে সফলতা লাভ সম্ভব নয়।